# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মাথা মুণ্ডন সংক্রান্ত কিছু মাসআলা

১. মাথা মুণ্ডন বা মাথার চুল ছোট করার ব্যাপারে ইহরাম অবস্থায় থাকা না থাকার কোনো বাধ্য-বাধকতা নেই। অর্থাৎ হাজী সাহেব নিজের মাথা নিজে কামাতে বা চুল ছোট করতে পারেন। নিজে হালাল না হয়েও অপরের মাথা কামাতে বা চুল ছোট করে দিতে পারেন।

২. পুরো মাথা মুণ্ডন করতে হবে অথবা পুরো মাথার চুল ছোট করতে হবে। সামান্য কিছু চুল ফেলা যথেষ্ট হবে না। কেননা এটাকে মুণ্ডন বা ছোট করা কোনটাই বলা যায় না।

৩. মাথা মুণ্ডন বা মাথার চুল ছোট না করে অন্য কিছুকে এটার স্থলাভিষিক্ত করা যাবে না।

৪. কুরবানীর শেষ দিন পর্যন্ত মাথা মুণ্ডন বিলম্বিত করা জায়েয।

৫. মহিলারা পুরো মাথার চুল থেকে এক আঙ্গুলের অগ্রভাগ অর্থাৎ এক কর পরিমাণ ছোট করবে। যার পরিমাণ প্রায় ২ সেন্টিমিটার।

৬. কঙ্কর নিক্ষেপ, পশু যবেহ ও মাথা মুণ্ডন বা চুল ছোট করলেই হাজী সাহেবের জন্য যৌনমিলন ছাড়া ইহরামের সাথে সংশ্লিষ্ট অন্যান্য নিষিদ্ধ সব বিষয় হালাল হয়ে যাবে।

৭. এখন থেকে হাজী সাহেব সেলাই করা কাপড় পরিধান, সুগন্ধি ব্যবহার ইত্যাদি করতে পারবেন। তবে স্বামী-স্ত্রীর চুম্বন, মিলন ইত্যাদি এখনও বৈধ হবে না। তাওয়াফে ইফাযা বা তাওয়াফে যিয়ারতের পরই কেবল এসব বৈধ হবে। তখন হাজী সাবেহ সম্পূর্ণরূপে হালাল হয়ে যাবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7423

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন